



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং-টাশিবো/বি/এপিএ/অভি:/৪২৯

তারিখ-৩১/০৫/২০২২

বিগত ০১/০৫/২০২২ হতে ৩১/০৫/২০২২ পর্যন্ত ০১ টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত অভিযোগটি নিষ্পত্তি করা হয়।

অভিযোগ-১

প্রতিষ্ঠানের নাম: ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।

অভিযোগকারীর নাম: জনাব মো: আনিসুর রহমান, অভিভাবক, ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।

প্রাপ্ত অভিযোগ: নবগঠিত ম্যানেজিং কমিটিতে কোন নির্বাচন ছাড়াই প্রধান শিক্ষকের যোগসাজসে গোপনে কমিটি করেছে। যাহা সম্পূর্ণ অবৈধ। এই কমিটিতে কোন অভিভাবক সদস্যদের নির্বাচন দেওয়া হয় নাই। ভূয়া অভিভাবক সদস্য বানিয়ে কমিটি গঠন করা হয়। নির্বাচনের নিয়ম অনুযায়ী নির্বাচনী ফরম বিক্রি করা হয় নাই। বর্তমানে একজন অভিভাবক সদস্য মন্তব্য করেন যে, আমি তো জানি না কখন কোন দিন বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নির্বাচন হয়েছে আমার জানা নেই, তবে আমি কিভাবে কমিটিতে অভিভাবক সদস্য নির্বাচিত হলাম তাও আমি জানি না। এইভাবে ৩জন অভিভাবক সদস্য একই রকম বক্তব্য ব্যক্ত করেন। প্রধান শিক্ষক গোপনে বিপুল অর্থ নিয়ে কমিটি বানিয়েছে। নতুন কমিটি নিয়ে এলাকায় জানাজানি হলে ব্যাপক গোলমালের সৃষ্টি হয়। তাই বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে আমরা সকলে উক্ত কমিটির বিরুদ্ধে আনীত অভিযোগগুলি সরেজমিনে তদন্ত করে উক্ত কমিটি ভেঙ্গে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করে আবেদন দাখিল করেন।

গৃহীত ব্যবস্থা: অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মো: মঈন উদ্দিন-এর নামে বোর্ডের ২৬/০৫/২০২২ তারিখের টাশিবো/বি/টাং/৪৮৯ নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২৬/০৪/২০২২
২৬/০৪/২০২২
২৬/০৪/২০২২

বিষয় : ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলাধীন ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়, ই,আই,আই,এন নং-১১৪৪৬২, ম্যানেজিং কমিটিতে বিভিন্ন অনিয়ম করিয়া কমিটি গঠন করিয়াছে। এই কমিটিতে কোন নির্বাচন ছাড়াই প্রধান শিক্ষক এর যোগসাজসে গোপনে কমিটি করেছে। যাহা সম্পূর্ণ অবৈধ। এই কমিটিতে কোন অভিভাবক সদস্যদের নির্বাচন দেওয়া হয় নাই। ভূয়া অভিভাবক সদস্য বানিয়ে কমিটি করা হয়। নির্বাচনের নিয়ম অনুযায়ী নির্বাচনী ফরম বিক্রি করা হয় নাই। বর্তমানে একজন অভিভাবক সদস্য মন্তব্য বলেন যে, আমি তো জানি না কখন কোন দিন বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নির্বাচন হয়েছে আমার জানা নেই, তবে আমি কিভাবে কমিটিতে অভিভাবক সদস্য নির্বাচিত হলাম তাও আমি জানি না। এইভাবে ওজন অভিভাবক সদস্য একই রকম বক্তব্য ব্যক্ত করেন। প্রধান শিক্ষক গোপনে বিপুল অর্থ নিয়ে কমিটি বানিয়েছে। নতুন কমিটি নিয়ে এলাকায় জানা-জানি হলে ব্যাপক গোলমালের সৃষ্টি হয়। তাই বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে আমরা সকলে উক্ত কমিটির বিরুদ্ধে আনিত অভিযোগগুলি সরজমিনে তদন্ত করে উক্ত কমিটি ভেঙ্গে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

অতএব মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়ে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয়।

নিবেদক

স্বাক্ষীগণের নাম

১। আবু হানিফ শিকদার
ভোটার নং- ২০৩ ও ৩১৪,

২। ইতি
ভোটার নং-১১৩,

৩। আজহার
ভোটার নং- ৯৩

৪। বানেজ উদ্দিন
ভোটার নং- ৩৬২

৫। বদর উদ্দিন, ভোটার নং-১৮

Amir
26/04/22

মোঃ আনিসুর রহমান
ছাত্র অভিভাবক
ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়
মির্জাপুর, টাংগাইল।
মোবাঃ ০১৭৬০২০৭৫৯০





মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা।



www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবো/বি/২৩৯/টাং/ ৪৮৯)

তারিখ : ২৬/০৮/২০২২

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: জনাব মো:আনিসুর রহমান কর্তৃক ২৪/০৮/২০২২ তারিখের অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে টাংগাইল জেলার মির্জাপুর উপজেলাধীন “ছিট মাহমুদপুর উচ্চ বিদ্যালয়ের” ম্যানেজিং কমিটির গঠনের কার্যক্রমের বিষয়ে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগ সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হল।

বিষয়টি জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক,

জনাব মোঃ মঈন উদ্দিন
সহ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্বাক্ষর: ৪৮৯)

২৬/০৮/২০২২

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সভাপতি, ছিট মাহমুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।
- ৩। প্রধান শিক্ষক, ছিট মাহমুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।
- ৪। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।